বিষয় কোড :	১	৩	৪

জেএস সি পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

বিষয়: কৃষি শিক্ষা

সময়- ২ ঘন্টা ১০ মি: **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান- ৬০

[বিঃদ্রঃ যেকোন ছয়টি প্রশ্নের উত্তর দিতে দাও:] ১০× ৬ = ৬০

১। রসুল বক্স একখণ্ড জমিতে ৩/৪ বছর ধরে আলু চাষ করে আসছেন। এবারও সেই জমিতে আলু চাষ করেছেন। প্রতি বছরই আলুর ফলন একটু একটু কমে যাওয়ায় তিনি চিন্তিত হয়ে পড়লেন। তার প্রতিবেশী সবুজ তাকে জমিতে রাসায়নিক সার কম ব্যবহার করে জৈব সার বেশি ব্যবহারের পরামর্শ দিলেন। সবুজের পরামর্শ অনুযায়ী জমিতে জৈব সার ব্যবহারের ফলে পরের বছর আলুর ফলন ভালো হল।

ক. জৈব সার কাকে বলে? ১

খ. অতিরিক্ত রাসায়নিক সার জমির জন্য ক্ষতিকর কেন? ব্যাখ্যা কর। ২

গ. আলুর ফলন ধীরে ধীরে কমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জৈব সার প্রয়োগে রসুল বক্স এর জমিটি কীভাবে পুনরায় উর্বর হয়ে উঠলো- বিশ্লেষণ কর। ৪

২। আব্বাস উদ্দিন গত বছর গ্রামের হাট থেকে বীজ কিনে এনে ফসল ফলিয়েছিলেন। গত বছর তার জমিতে ভাল ফলন হয়নি। এ নিয়ে তিনি কৃষি কর্মকর্তার কাছে গেলেন। কৃষি কর্মকর্তা তার সমস্যার কারণ চিহ্নিত করলেন এবং ভাল বীজ নির্বাচনের পূর্বে কী কী বিষয় মাথায় রাখতে হবে তা বললেন। তিনি আরো বললেন যে, ভালো বীজ মানে ভালো ফসল।

ক. বীজের উদ্ভিদ তাত্ত্বিক সংজ্ঞা দাও। ১

খ. উদ্ভিদের অন্যান্য অঙ্গকেও বীজ বলা হয় কেন ব্যাখ্যা কর। ২

গ. কৃষি কর্মকর্তা ভাল ফলন না হওয়ার যে কারণ চিহ্নিত করেছেন। তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "ভালো বীজ মানেই ভালো ফসল।" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩। আজিজ মিয়া একজন সবজি চাষী। তিনি প্রতি বছর শাক-সবজি চাষ করেন। কিন্তু আশানুরূপ লাভবান হতে পারেন না। এ বছর তিনি আগাম সবজির চাষ করার সিদ্ধান্ত নিয়েছেন। এছাড়া তিনি জেনেছেন যে গ্রীন হাউজে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে মৌসুম নির্ভরতা কমিয়ে ফসলের চাষ করা হচ্ছে।

ক. বর্তমানে বাংলাদেশে কয়টি পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় চালু আছে? ১

খ. ভারতকে কেন বৈচিত্র্যময় দেশ বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. আজিজ মিয়া এ বছরে নেয়া সিদ্ধান্তের দ্বারা কীভাবে লাভবান হতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপায়ে মৌসুম নির্ভরতা কমিয়ে ফসল উৎপাদন তোমার মতে কতটুকু যুক্তি যুক্ত এর স্বপক্ষে মতামত দাও। ৪

৪। জয়নাল মণ্ডল তার ৪ খণ্ড জমিতে রোপা আমন ধান চাষ করেন। রোপনের কিছুদিন পরে লক্ষ্য করেন যে, কিছু কিছু ধানের পাতা হালকা সবুজ ও হলুদ বর্ণ ধারণ করেছে। কৃষি কর্মকর্তার পরামর্শ চাইলে তিনি ইউরিয়া সার প্রয়োগ করতে বলেন। তাছাড়া পরবর্তী বছরে গুটি ইউরিয়া প্রয়োগ ও ফসল বিন্যাসের পরামর্শ দেন। সে মোতাবেক জয়নাল মণ্ডল পরের বছর রোপা আমনে ০.৯ গ্রাম ওজনের ১৮০ কেজি গুটি ইউরিয়া প্রয়োগ করে ভাল ফলন পান।

ক. নাইট্রোজেন সম্বলিত একটি সারের নাম লিখ। ১

খ. দানাদার ইউরিয়াকে গুটি ইউরিয়ায় রূপান্তরের কারণ ব্যাখ্যা কর। ২

গ. জয়নাল মণ্ডলের জমিগুলোতে বোরো মৌসুমে কী পরিমাণ গুটি ইউরিয়া লাগবে নির্ণয় কর। ৩

ঘ. কৃষি কর্মকর্তার ফসল বিন্যাসের পরামর্শটি মূল্যায়ন কর। ৪

৫। লিমনের বাবার ২০ বিঘা আবাদি জমি আছে। তার বাবা জমিগুলোতে আধুনিক প্রযুক্তিতে শস্য বহুমুখী করণের সিদ্ধান্ত নিয়েছেন। এ উদ্দেশ্যে ৪ বিঘার ২টি জমিতে রিলে চাষ ও মিশ্র চাষ পদ্ধতিতে কলা, লালশাক ও আলু চাষ করেন। এতে তিনি ভালো ফলন পান এবং লাভবান হন।

ক. শস্য পর্যায় কী? ১

খ. শস্য বহুমুখীকরণের একটি উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. লিমনের বাবা তার জমিতে কোন দুইটি ফসল মিশ্র চাষ করেন এবং কীভাবে করেন? ৩

ঘ. লিমনের বাবার উল্লেখিত প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৬। কৃষি নির্ভর নিমগাছী গ্রামের চাষিরা মৌসুমভিত্তিক ফসল চাষ করেন। তাদের উঁচু জমিগুলো অনেক সময়ই খালি পড়ে থাকে। ফলে চাষিরা ঐ সময়ে বেকার বসে থাকেন। জমিতে ফসল না থাকা ও বেকারত্বের কারণে দিশেহারা কৃষকরা কৃষি কর্মকর্তার পরামর্শ চাইলে কৃষি কর্মকর্তা চাষিদের মৌসুম নির্ভরতা মুক্ত বিভিন্ন ফসলের জাত চাষাবাদের জন্য উদ্বুদ্ধ করেন। ধানসহ বিভিন্ন শাকসবজির মৌসুম নির্ভরতা মুক্ত ফসল চাষ করে নিমগাছী গ্রামের চাষিরা বর্তমানে স্বাবলম্বী।

ক. জি.এম ফসল কী? ১

খ. সুপার হাইব্রিড ধানের চাষ চাষিদের বীজের সার্বভৌমত্ব নষ্ট করে, ব্যাখ্যা কর। ২

গ. ফসল চাষে সফলতা পেতে নিমগাছী গ্রামের চাষিরা যে পদক্ষেপ নিয়েছিল তা ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষি কর্মকর্তার পরামর্শে নিমগাছী গ্রামের চাষিরা কীভাবে স্বাবলম্বী হয়েছিল- বিশ্লেষণ কর। ৪

৭। সবজি চাষী রফিক প্রতিবছর বিভিন্ন সবজি চাষ করে থাকেন। কিন্তু এবারই প্রথম তার দুই বিঘা জমিতে বেগুন চাষ করেন। কিছুদিন পর গাছগুলো রোগাক্রান্ত দেখে তিনি উপজেলা কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করেন। কৃষি কর্মকর্তা বেগুন গাছগুলো পর্যবেক্ষণ করে বলেন যে, ঢলে পড়া রোগ হয়েছে। এছাড়া তিনি কিছু প্রযুক্তির উল্লেখ করে বলেন যে, রোগ প্রতিরোধে এসব প্রযুক্তি রোগের প্রাদুর্ভাবের আগে ব্যবহার করা ভালো।

ক. ফসলের রোগ বলতে কী বোঝায়? ১

খ. রোগাক্রান্ত গাছ পুড়িয়ে বা মাটিতে পুঁতে ফেলা উচিত কেন? ব্যাখ্যা কর। ২

গ. কৃষি কর্মকর্তা কীভাবে রফিকের সবজি গাছগুলোর রোগ সনাক্ত করলেন? ৩

ঘ. কৃষি কর্মকর্তা কী ধরনের প্রযুক্তির উল্লেখ করেছিলেন তা বিশ্লেষণ কর। ৪

৮। মৎস্যচাষী পরান তার দুইটি পুকুরে মাছ ছেড়েছেন। কিছুদিন পর একটি পুকুরে থেকে মাছ সংগ্রহ করতে গিয়ে দেখেন যে, অনেক মাছ রোগাক্রান্ত হয়েছে। ২ / ৩ দিনের মধ্যে বেশ কিছু মাছ মারা যায়। তিনি তাই হতাশ হয়ে মৎস্য কর্মকর্তার সাথে দেখা করেন। মৎস্য কর্মকর্তা তাকে মৃত মাছগুলো সৎকারের ব্যবস্থাপনা সম্পর্কে বেশ কিছু পরামর্শ দেন।

ক. মাছের ফুলকা পচা রোগের কারণ কী? ১

খ. মাছ অসুস্থ হওয়ার একটি কারণ ব্যাখ্যা কর। ২

গ. মৎস্য কর্মকর্তা পরান কে কী ধরনের পরামর্শ দিয়েছিলেন তা বর্ণনা কর। ৩

ঘ. পরানের পুকুরের মাছের সৃষ্ট সমস্যা প্রতিরোধের জন্য কী কী করা উচিত ছিল তা বিশ্লেষণ কর। ৪

৯। খোরশেদ আলী এলাকার একজন সচেতন ও সফল চাষি হিসাবে সুপরিচিতি। তিনি সব সময় আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার করে আসছেন। তিনি এ বছর ৪ হেক্টর জমিতে সবুজ সার তৈরির পর ধানের চাষ করেন এবং ইউরিয়া ব্যবহারে এল সি সি পদ্ধতি অবলম্বন করেন।

ক. কোন ধরনের মাটিতে ধানের শুকনো বীজতলা তৈরি করা হয়? ১

খ. চাষ দেওয়ার পর বীজতলা ২-৪ দিন ফেলে রাখতে হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. খোরশেদ আলী তার জমিতে কী পরিমাণ ইউরিয়া সার কম-ব্যবহার করবেন তা নির্ণয় কর। ৩

ঘ. ফসল উৎপাদন বৃদ্ধিতে খোরশেদ আলীর কার্যক্রম মূল্যায়ন কর। ৪

বিষয় কোড :	১	৩	৪

জেএস সি পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

বিষয়: কৃষি শিক্ষা

সময়- ৪০মিনিট **বহুনির্বাচনি প্রশ্ন** পূর্ণমান- ৪০

[বি:দ্র: সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১:]

১। দেশের মোট ব্যবহৃত ধান বীজের শতকরা কতভাগ চাষিরা নিজেরাই সঞ্চয় ও ব্যবহার করেন?

ⓚ ৬৫% ⓚh ৭৫% ⓖ ৮৫% ⓖh ৯৫%

২। ধান গবেষণা ইন্সটিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের বিলম্ব জাত কোনটি?

(ক) হরি ধান (খ) কিরণ (গ) মালা (ঘ) পলাশ

৩। কৃষি বিশ্ববিদ্যালয় কত সালে স্থাপন করা হয়?

(ক) ১৯৫৮ (খ) ১৯৬০ (গ) ১৯৬১ (ঘ) ১৮৬১

নিচের উদ্দিপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:



৪। উপরের A চিহ্নিত স্থানে কোন জাতের ধানটি উপযুক্ত–

(ক) ব্রিধান-.৫৬ (খ) বিধান- ৩৩ (গ) ব্রিধান- ৪৫ (ঘ) ব্রিধান-৪৭

৫। উক্ত B চিহ্নিত স্থানে প্রাপ্ত ধান হলো–

i. ব্রিধান- ৫১ ii. ব্রিধান- ৫২ iii. ব্রিধান- ৪৭

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৬। পাটের জেনেটিক ম্যাপ কোন দেশের বিজ্ঞানী আবিষ্কার করেছে?

(ক) ভারত (খ) চীন (গ) ভিয়েতনাম (ঘ) বাংলাদেশ

৭। বিশ্বের অন্যতম প্রধান চাল রপ্তানিকারক দেশ কোনটি?

(ক) চীন (খ) ভিয়েতনাম (গ) পাকিস্তান (ঘ) জাপান

৮। গুটি ইউরিয়া ব্যবহারের ফলে কত ভাগ ফলন বৃদ্ধি পায়?

(ক) ৫-১০ (খ) ১০-১৫ (গ) ১৫-২০ (ঘ) ২০-২৫

৯। ধান গাছের বাদামি দাগ রোগ কী ধরনের?

ⓚ ব্যাকটেরিয়া জনিত ⓚ ভাইরাস জনিত ⓖ পরজীবি জনিত ⓘ ছত্রাক জনিত

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

শহিদ তার ২০ শতক জমিতে ঢেঁড়শের চাষ করলেন। একদিন তিনি লক্ষ্য করলেন যে, ক্ষেতে দু-তিনটি গাছের পাতায় গাঢ় ও হালকা হলদে সবুজ এর ছোপ ছোপ রং দেখা যাচ্ছে।

১০। উদ্দীপকের ফসলটিতে কোন ধরনের রোগের আক্রমন হয়েছে?

ⓚ ধসা রোগ ⓚ ঢলে পড়ারোগ ⓖ মোজাইক রোগ ⓘ উপরের সবগুলো

১১। শহীদের সবজি ক্ষেতের উক্ত রোগ প্রতিরোধের জন্য উচিত রোগাক্রান্ত গাছ–

i. তুলে ফেলা ii. মাটিতে পুঁতে ফেলা iii. আগুনে পুড়িয়ে ফেলা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১২। মাছের লেজ ও পাখনা পচা রোগ কোন ধরনের?

ⓚ ভাইরাস জনিত ⓚ ব্যাকটেরিয়া জনিত ⓖ ছত্রাক জনিত ⓘ পরজীবি জনিত

১৩। কৃষির উন্নয়নে জাতিসংঘের অঙ্গ সংগঠন হিসাবে যে প্রতিষ্ঠান বিশ্বজুড়ে কাজ করে তার নাম কী?

ⓚ FAO ⓚ WHO ⓖ CARE ⓘ IRRI

১৪। আলুর সাথে রিলে ফসল হিসাবে চাষ করা হয়–

i. পটল ii. আখ iii. করলা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৫। মাঠ ফসল বহুমুখীকরণের প্রধান উদ্দেশ্য কয়টি?

ⓚ ৩ ⓚ ৪ ⓖ ৫ ⓘ ৬

১৬। আলুর সাথে একটি ভালো মিশ্র চাষ কোন ফসলের?

ⓚ পটল ⓚ সরিষা ⓖ করলা ⓘ টমেটো

১৭। নিচের কোন রোগ সাধারণত গবাদিপশুর ছয়মাস থেকে দু বছর বয়সে হয়ে থাকে?

ⓚ তড়কা ⓚ বাদলা ⓖ খুরা ⓘ গলাফুলা

১৮। মাটিতে সার ব্যবহার করার পূর্বে সর্বপ্রথম কী করা উচিত?

ⓚ উপযোগী ফসলের নাম জানতে হবে

ⓚ ফসল ভিত্তিক সারের পরিমাণ জানতে হবে

ⓖ পূর্ববর্তী চাষকৃত ফসলের নাম জানতে হবে

ⓘ মাটির গুণাগুণ সম্পর্কে জানতে হবে।

১৯। ধান চাষে সেচের প্রতি সংবেদনশীল পর্যায়–

i. পুষ্পায়নের সময় ii. শীষ গজানোর সময় iii. বীজ গঠনের সময়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২০। LCC ব্যবহারের মাধ্যমে ইউরিয়া সার প্রয়োগ করলে বোরো ধানে শতকরা কত ভাগ ইউরিয়া কম লাগে?

ⓚ ২৫ ⓚh ২৩ ⓖ ২০ ⓖh ২৭

২১। বোরো ধান চাষে মোট উৎপাদন খরচের কত শতাংশ সেচের জন্য খরচ হয়?

ক) ১৫-২০ খ) ২৩-২৫ গ) ২৮-৩০ ঘ) ৩২-৩৫

২২। উন্নত জাতের বীজ চূড়ান্ত অনুমোদন দেয় কোন প্রতিষ্ঠান?

ক) কৃষি গবেষণা সংস্থা খ) বীজ প্রত্যয়ন কর্তৃপক্ষ

গ) বি.এ.ডি.সি ঘ) কৃষি বিশ্ববিদ্যালয়

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:

কৃষক ওসমান গণি তার এক খণ্ড জমিতে পাট বীজ বোনার জন্য প্রস্তুত। কিন্তু কোন বৃষ্টিপাতে লক্ষণ না থাকায় বাধ্য হয়ে সে জমিতে সেচ দেয়। এ পরিস্থিতিতে তাকে আরও ১৫-২০ দি অপেক্ষা করতে হয়।

২৩। ওসমান গণি তার জমিতে কোন পদ্ধতিতে সেচ দিয়েছিল?

ক) রিং বেসিন পদ্ধতি খ) প্লাবন পদ্ধতি গ) বর্ষণ পদ্ধতি ঘ) ড্রিপ পদ্ধতি

২৪। ওসমান গণি কে সেচের পরেও ১৫-২০ দিন চাষের জন্য অপেক্ষা করতে হয়েছে কারণ–

i. মাটি আর্দ্রতা পরিমাপ না করে সেচ দেওয়া ii. মাত্রাতিরিক্ত সেচের পানি না শুকানো

iii. পাওয়ার টিলারে ব্যবস্থা করতে না পারা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। সংরক্ষণকৃত ধান ও গম বীজে শতকরা কত ভাগ আদ্রতা থাকতে হবে?

ক) ৪-৬ খ) ৬-৮ গ) ৮-১০ ঘ) ১০-১২

২৬। বীজ খুব বেশি শুকালে–

i. ভঙ্গুর হয়ে পড়তে পারে ii. জীবানুর সংক্রামণ ঘটতে পারে

iii. ভ্রূণের ক্ষতি হতে পারে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭। গমের ক্ষেত্রে সেচের প্রতি সংকটময় নিচের কোনটি?

ক) শীষ গজানো খ) মুকুট মূল গজানো গ) পুষ্পায়ন ঘ) উপরের সবগুলে

২৮। ধান চাষে পর্যায়ক্রমিক ভেজানো ও শুকনো পদ্ধতির সুবিধা কোনটি?

ক) ৩০-৩৭ ভাগ সেচের পানি কম লাগে খ) ২৯ ভাগ ডিজেল কম লাগে

গ) ধানের ফলন ১২ ভাগ বেশি হয় ঘ) উপরের সবগুলো

২৯। নিচের কোনটি ভাল বীজের গুণাবলী নয়?

ক) গজানোর ক্ষমতা ৬০-৬৫% থাকে খ) জাত বিশুদ্ধতা

গ) বীজ বিশুদ্ধতা ঘ) উচ্চমানের সতেজতা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

রাসেল নার্সারি তৈরির উদ্দেশ্য ভালুকায় তার গ্রামের বাড়িতে ১০টি বেড তৈরি করেন। বেড তৈরির সময় তিনি জৈব ও রাসায়নিক সার ব্যবহারের পাশাপাশি চুন প্রয়োগ করেন।

৩০। তৈরিকৃত বেডের জন্য কত কেজি এম.পি সার প্রয়োজন?

ⓚ ১ কেজি ⓚ ২ কেজি ⓖ ৩ কেজি ⓖ ৪ কেজি

৩১। বেডে চুন প্রয়োগের কারণ হচ্ছে–

i. মাটির অম্লত্ব নিয়ন্ত্রণ ii. রোগ জীবাণু দমন iii. বীজ দ্রুত গজানো

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i ও iii

৩২। বোরো ধানের মোট উৎপাদন খরচের মধ্যে শতকরা কত ভাগ সেচের জন্য ব্যয় হয়–

(ক) ২০-২৫ (খ) ২৮-৩০ (গ) ৩০-৪০ (ঘ) ১০-১৮

৩৩। ভিয়েতনাম কৃষিতে এগিয়ে যাওয়ার কারণ কোনটি?

(ক) গণতান্ত্রিক রাষ্ট্র (খ) কৃষির আধুনিকায়ন

(গ) সংগঠিত কৃষককূল (ঘ) শিক্ষিত কৃষক কূল

৩৪। উচ্চ ফলনশীল (উফশী) ধানের চেয়েও বেশি ফলন দেয় কোনটি?

(ক) দেশি ধান (খ) হাইব্রিড রাইস (গ) পিওর লাইন (ঘ) TLS ধান বীজ

৩৫। IRRI – এর সদর দপ্তর কোথায়?

(ক) বাংলাদেশ (খ) ভারত (গ) চীন (ঘ) ফিলিপাইন

৩৬। গ্রিন হাউজে ফসল ফলানোর সুবিধা হলো–

i. রোগ বালাই কম হয় ii. ফসল স্বাস্থ্য সম্মত হয়

iii. উৎপাদন ব্যয় কম হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৭। বিশ্বের সর্ববৃহৎ ডেইরি সমবায় প্রতিষ্ঠান কোন দেশে রয়েছে?

(ক) চীন (খ) ভারত (গ) জাপান (ঘ) বাংলাদেশ

৩৮। মৌসুম নির্ভরতা কাটিয়ে ওঠার লক্ষ্যে জিনগত পরিবর্তন সাধন করে কোন ফসল পাওয়া যায়?

(ক) জি এম ফসল (খ) HYV (গ) IRRI (ঘ) সবগুলো

৩৯। শস্য পর্যায় প্রযুক্তির সুবিধা কোনটি?

(ক) পোকার আক্রমণ কম হয় (খ) মাটিতে গাছের পুষ্টি বজায় থাকে

(গ) সারের কার্যকারিতা ভাল হয় (ঘ) উপরের সবগুলো

৪০। বীজতলার চারা হলুদ হলে কোন সার দিতে হবে?

(ক) পটাশ (খ) ইউরিয়া (গ) টিএসপি (ঘ) জৈব সার